# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৯৮৭

পর্ব - ৮ঃ বিবাহ (كتاب النكاح)

পরিচ্ছেদঃ “শিগার” বিবাহ নিষিদ্ধ

আরবী

وَعَنْ نَافِعٍ, عَنْ اِبْنِ عُمَرَ قَالَ: نَهَى رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ عَنِ الشِّغَارِ; وَالشِّغَارُ: أَنْ يُزَوِّجَ الرَّجُلُ ابْنَتَهُ عَلَى أَنْ يُزَوِّجَهُ الْآخَرُ ابْنَتَهُ, وَلَيْسَ بَيْنَهُمَا صَدَاقٌ. مُتَّفَقٌ عَلَيْهِ
وَاتَّفَقَا مِنْ وَجْهٍ آخَرَ عَلَى أَنَّ تَفْسِيرَ الشِّغَارِ مِنْ كَلَامِ نَافِعٍ

صحيح. رواه البخاري (5112)، ومسلم (1415)
البخاري (6960)، ومسلم (1415) (58) وفيه: «قال عبيد الله: قلت لنافع: ما الشغار؟» زاد البخاري: «قال: ينكح ابنة الرجل وينكحه ابنته بغير صداق، وينكح أخت الرجل وينكحه أخته بغير صداق

বাংলা

৯৮৭। নাফি থেকে বর্ণিত, তিনি ইবনু ’উমার (রাঃ) থেকে বর্ণনা করেছেন, তিনি বলেছেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আশ-শিগার নিষিদ্ধ করেছেন। ’আশ-শিগার’ হলো, কোন ব্যক্তি নিজের কন্যাকে অন্য এক ব্যক্তি পুত্রের সঙ্গে বিবাহ দিবে এবং তার কন্যা নিজের পুত্রের জন্য আনবে এবং দু’কন্যাই মাহর পাবে না। অন্য সূত্রে বুখারী ও মুসলিম একমত হয়ে বলেছেন ’শিগার’ নামক বিবাহের ব্যাখ্যাটি নাফি’ (রাঃ) এর নিজের উক্তি।[1]

ফুটনোট

[1] বুখারী ৫১১২, ৬৯৬০, মুসলিম ১৪১৫, তিরমিযী ১১১৪, নাসায়ী ৩৩৩৪, ৩৩৩৭, আবূ দাউদ ২০৭৪, ইবনু মাজাহ ১৮৮৩, আহমাদ ৪৫১২, ৪৬৭৮, ৪৮৯৯, মুওয়াত্তা মালেক ১১৩৪, দারেমী ২১৮০। বুখারীতে রয়েছে, বর্ণনাকারী বলেন, আমি নাফি’ ((রহঃ))-কে জিজ্ঞেস করলাম, ‘শিগার’ কী? তিনি বললেন, কেউ এক ব্যক্তির মেয়ে বিয়ে করবে এবং সে তার মেয়ে ঐ ব্যক্তির কাছে বিনা মহরে বিয়ে দেবে। কেউ কোন লোকের বোনকে বিয়ে করবে এবং সে তার বোনকে ঐ লোকের কাছে বিনা মহরে বিয়ে দেবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ নাফি‘ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70798

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন